

বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা
পর্যটন ভবন, প্লট: ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও
শেরে বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা - ১২০৭।

বাপক-এর সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	: মোঃ হান্নান মিয়া
	: চেয়ারম্যান
সভার তারিখ	: ২৯-১১-২০২১ খ্রিস্টাব্দ
সভার সময়	: বেলা ০৪:৩০ ঘটিকা
স্থান	: ডিডিও কনফারেন্সিং (Zoom Cloud Meeting), পর্যটন ভবন, বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	: পরিশিষ্ট “ক”

সভাপতি জুমের মাধ্যমে সংযুক্ত উপস্থিত সকল স্টেকহোল্ডারকে স্বাগত জানিয়ে বাপক-এর সেবা প্রদান বিষয়ে অবহিতকরণ সভা শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জনাব জিয়াউল হক হাওলাদার, ব্যবস্থাপক (জনসংযোগ) বাপক-এর অবহিতকরণ সভা সঞ্চালনা করেন। সভায় সংযুক্ত ছিলেন বাপক-এর পরিচালক (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক ও পরিকল্পনা) ও যুগ্মসচিব জনাব মোঃ আব্দুস সামাদ, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্মসচিব জনাব ড. মল্লিক আনোয়ার হোসেন, বাপক-এর মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), মহাব্যবস্থাপক (পরিকল্পনা), ইউনিট ব্যবস্থাপকগণ এবং পর্যটন অংশীজনগণ। সভায় বিভিন্ন বিষয়ে সকলের মূল্যবান বক্তব্য / মতামত / পরামর্শ আহ্বান করা হয়। অংশগ্রহণকারীগণ তাঁদের সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।


২.০। প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১।	আলোচনা: সভায় বাপক-এর কর্মকর্তা-কর্মচারীদের অতিথি সেবা প্রদানের ক্ষেত্রে আরো দক্ষতার পরিচয় দেয়ার বিষয়ে সুধীজনেরা মতামত ব্যক্ত করেন। এছাড়া প্রায় সকল অংশীজন হেরিটেজ ট্যুরিজম বিষয়টিকে প্রবর্তন ও জনপ্রিয়করণের বিষয়ে বাপক-এর অগ্রণী ভূমিকা আশা করেন। যেহেতু বাংলাদেশ পর্যটন করপোরেশন এবং প্রবৃত্ত অধিদপ্তর দেশের পর্যটন বিকাশে কাজ করে সেহেতু এই দু'টি সংস্থার মধ্যে পারস্পরিক সম্পর্ক গড়ে তোলার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। সিদ্ধান্ত: ক) বাপক-এর কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান বিষয়ক নিবিড় প্রশিক্ষণ প্রদান করতে হবে। খ) হেরিটেজ ট্যুরিজম বিকশিতকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে।	মহাব্যবস্থাপক (পিটিএস), বাংলাদেশ পর্যটন করপোরেশন
২.২।	আলোচনা: বাপক-এর বিপণন ব্যবস্থাকে আরো গতিশীল ও শক্তিশালী করার জন্য সুধীজনেরা মত প্রকাশ করেন। তাঁরা বলেন যে, বাপক তার নিজস্ব হোটেল-মোটেলসমূহের প্রচারণা যত বেশি করবে ভ্রমণ পিপাসু জনগণ তত বেশি তা জানবে এবং বাপক সম্পর্কে আগ্রহী হয়ে উঠবে। কক্সবাজারে বাপক-এর মোটেল প্রবাল ও মোটেল উপল-এর মান বৃদ্ধির জন্য সংস্কার প্রয়োজন বলে অংশীজনবৃন্দ মত প্রকাশ করেন। সিদ্ধান্ত: ক) পিপিপি'র সাথে সমন্বয় রেখে বাপক প্রবাল ও উপল-এ নতুন স্থাপনা নির্মাণ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। খ) বাপক-এর বিপণন ব্যবস্থা আরো সুদৃঢ় / বেগবান / দৃশ্যমান করার জন্য আরো উদ্যোগ গ্রহণ করতে হবে।	ব্যবস্থাপক (বিউজস), বাংলাদেশ পর্যটন করপোরেশন



২.৩।	<p>আলোচনা: প্রব্রতত্বের সাথে পর্যটনের একটা গভীর পারস্পরিক সম্পর্ক রয়েছে। এ কারণে বাংলাদেশের যেখানে যেখানে প্রব্রতত্ব স্থাপনা আছে সেখানে বাপক তার কার্যক্রম সম্প্রসারণ করে প্রাইভেট ট্যুর অপারেটরদের পর্যটক নিয়ে যাওয়ার একটা সুযোগ করে দিতে পারে। এছাড়া চন্দ্রবর্মন কোর্ট, কোটালী পাড়া, বঙ্গবন্ধুর সমাধি স্থল ও বাগের হাটের ষাট গম্বুজ মসজিদ নিয়ে হেরিটেজ ট্রেইল করার পরিকল্পনা বাপক-এর পক্ষে গ্রহণ করা যায় কী না সে বিষয়ে পর্যটন অংশীজনগণ মত প্রদান করেন।</p> <p>সিদ্ধান্ত: ভবিষ্যতে কোন প্রকল্প শুরু করার প্রাক্কালে বা ফিজিবিলিটি স্টাডির পূর্বে অংশীজনদের সাথে মত বিনিময় সভার আয়োজন করতে হবে।</p>	<p>মহাব্যবস্থাপক (পিটিএস), বাংলাদেশ পর্যটন করপোরেশন</p>
------	--	---

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ হান্নান মিয়া)
চেয়ারম্যান

২৯ অগ্রহায়ণ, ১৪২৮ বঙ্গাব্দ
তারিখ:
১৪ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩০.৩২.০১৮.২০.০১.১৪৮.২০২১/ ২৬২২

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মহাব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ২) অধ্যক্ষ, এনএইচটিটিআই, বাপক, ঢাকা।
- ৩) ব্যবস্থাপক / ইউনিট ব্যবস্থাপক ----- (সকল), বাপক, ঢাকা।
- ৪) চেয়ারম্যান-এর একান্ত সচিব, বাপক, ঢাকা- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) পরিচালক-এর ব্যক্তিগত কর্মকর্তা (প্রশাসন ও অর্থ/বাণিজ্যিক/পরিকল্পনা), বাপক, ঢাকা- পরিচালক মহোদয়বৃন্দের সদয় অবগতির জন্য।


(মোহাম্মদ সফিউজ্জামান ভূইয়া)
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ)